গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালচনা সভা (জানুয়ারি-মার্চ ২০২৫), জামালপুর জেলা -এর কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব নিতাই চন্দ্র দে সরকার, প্রকল্প সমন্বয়ক ও পরিচালক (এমআইএম, চ.দা.), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর |
| প্রধান অতিথি | : জনাব রেজওয়ানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর |
| বিশেষ অতিথি | : জনাব ইফতেখার ইউনুস, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জামালপুর |
| তারিখ | : ১০-০৪-২০২৫ খ্রি. |
| সময় | : দুপুর ০১.০০ – বিকাল ৫:০০ টা |
| স্থান | : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর |

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভাপতি মহোদয় সূচনা বক্তব্যের মাধ্যমে সভা শুরু করেন। তিনি প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্টের সংক্ষিপ্ত পরিচিতি এবং লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ তুলে ধরেন। প্রধান অতিথির বক্তব্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বলেন, উপজেলা, জেলা ও প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের সহযোগিতা ও পরিশ্রমের ফলে প্রকল্পে যথাযথ অগ্রগতি অর্জিত হয়েছে। এসকল অর্জন ধরে রাখতে ও টেকসই করতে এই অধিদপ্তরসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি সংস্থা ও অংশীজনদের স্বদিচ্ছা ও উদ্যোগ প্রয়োজন। এলক্ষ্যে তিনি অধিদপ্তরের সকল কর্মকর্তাকে প্রকল্পের আউটকাম ও রিসোর্সসমূহের যথাযথ ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের মূল কার্যক্রম ও সার্বিক অগ্রগতি | প্রোগ্রাম ম্যানেজার প্রকল্পের মূল কার্যক্রমসমূহের সার্বিক অগ্রগতি উপস্থাপন করেন। প্রকল্পের আওতায় সম্পন্ন কাজগুলোর সংক্ষিপ্ত বর্ণনা, এতদপর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকে প্রকল্পের অগ্রগতি ও জামালপুর জেলার অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লীডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | স্বেচ্ছাসেবকদের দক্ষতা বৃদ্ধি | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা প্রকল্পের স্থানীয় স্বেচ্ছাসেবকদেরকে ঘূর্ণিঝড় প্রস্তুতি প্রকল্পের আদলে আরও দক্ষ ও শক্তিশালী করে গড়ে তোলার প্রয়োজনীয়তা তুলে ধরেন এবং প্রকল্প শেষ হওয়ার পরও স্বেচ্ছাসেবা কার্যক্রম চালিয়ে যাওয়ার বিষয়টি উল্লেখ করেন।<br><br>অধিদপ্তরের অধীনে বন্যা প্রস্তুতি কর্মসূচি প্রণয়নের প্রক্রিয়া চলমান। এফপিপির আওতায় জাতীয় স্বেচ্ছাসেবা নীতিমালা অনুযায়ী বন্যা স্বেচ্ছাসেবক দল গঠন করা হবে, যেখানে প্রভাতী প্রকল্পের স্বেচ্ছাসেবকদেরও অন্তর্ভুক্ত করার মাধ্যমে স্বেচ্ছাসেবা কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। | ক) বন্যা প্রস্তুতি কর্মসূচি (এফপিপি) গঠিত হলে বন্যা স্বেচ্ছাসেবক নামে দল গঠন করা হবে যেখানে প্রভাতী প্রকল্পের স্বেচ্ছাসেবকরা অগ্রাধিকার পাবেন।<br><br>খ) আসন্ন বর্ষা মৌসুমের আগে স্বেচ্ছাসেবক, গেজ রিডার ও কমিউনিটিতে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। | টিম লীডার, প্রোগ্রাম ম্যানেজার ও উপ-প্রকল্প সমন্বয়ক |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩। | প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জ | অতিরিক্ত জেলা প্রশাসক প্রকল্পের কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করার ক্ষেত্রে কোনো চ্যালেঞ্জ রয়েছে কি না জানতে চাইলে প্রকল্প সমন্বয়ক চলমান কার্যক্রমের অগ্রগতি ও বিদ্যমান চ্যালেঞ্জ সম্পর্কে আলোচনা করেন। | প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত ডিজিটাল এলিভেশন মডেল ডাটা দিয়ে আসন্ন বন্যা মৌসুমে ইনানডেশন মডেল টুল ক্যালিব্রেশন করতে হবে। | টিম লীডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৪। | ভয়েস মেসেজের মাধ্যমে বন্যা পূর্বাভাস প্রচার | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা সভায় প্রকল্পের মেয়াদ সমাপ্তির পরেও ভয়েস মেসেজের মাধ্যমে বন্যা পূর্বাভাস ও সতর্কবার্তা প্রদান অব্যাহত রাখার বিষয়ে ভবিষ্যৎ পরিকল্পনা জানতে চান। প্রকল্প সমন্বয়ক জানান, প্রকল্প শেষে বিটিআরসি এই কার্যক্রমটি তাদের কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি হিসেবে গ্রহণ করতে পারে।<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি কৃষকদের জন্য BAMIS অ্যাপের ভয়েস মেসেজের মাধ্যমে কৃষি-আবহাওয়া পূর্বাভাস প্রদানের পরিধি বিস্তারের সুপারিশ করেন। প্রকল্প সমন্বয়ক জানান, ১০৯০ আইভিআর সেবায় BAMIS-এর তথ্য সংযোজনের জন্য অত্র অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পত্র পাঠানো হয়েছে। | ক) প্রকল্প সমাপ্তির পর ভয়েস মেসেজের মাধ্যমে বন্যা পূর্বাভাস ও সতর্কবার্তা প্রদান বিটিআরসির কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটির আওতায় অব্যাহত রাখার লক্ষ্যে প্রকল্প হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) বাংলাদেশ সরকারের নিয়মিত বাজেট থেকে এজন্য অর্থ বরাদ্দ পেতে দু. ব্য. অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ও এই বিষয়ে ক্রমান্বয়ে অগ্রগতি সাধিত হবে।<br><br>গ) BAMIS এর সেবা IVR-1090 তে অন্তর্ভুক্তকরণে DAE-র সাথে যোগাযোগ রাখতে হবে। | টিম লীডার ও উপ-প্রকল্প সমন্বয়ক |
| ০৫। | বিবিধ | অতিরিক্ত জেলা প্রশাসক বলেন, নানামুখী দুর্যোগ মোকাবেলা করতে প্রযুক্তিগত উন্নয়ন প্রয়োজন। দুর্যোগের পূর্বাভাস তৈরি ও আগাম সতর্কবার্তা প্রচার ব্যবস্থা আরও বেশি ফলপ্রসূ করে তুলতে প্রভাতী প্রকল্প কার্যকর ভূমিকা পালন করছে।<br>সমাপনী বক্তব্যে প্রকল্প সমন্বয়ক বলেন, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের মতামত এ প্রকল্পের আরও উন্নতি সাধনে সহায়তা করবে। | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/৪/২০২৫
(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৭০ (ক)

তারিখ: ২৪-০৪-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জামালপুর।

৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর।
৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জামালপুর।
৭। উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, জামালপুর।
৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জামালপুর।
৯। উপজেলা নির্বাহী অফিসার (দেওয়ানগঞ্জ/বকশিগঞ্জ/ইসলামপুর/মেলান্দহ/মাদারগঞ্জ), জামালপুর।
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (দেওয়ানগঞ্জ/বকশিগঞ্জ/ইসলামপুর/মেলান্দহ/মাদারগঞ্জ), জামালপুর।
১১। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
১২। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৬। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৭। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৮। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৯। ফিল্ড ফ্যাসিলিটেটর, জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২০। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২১। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক
ও
সহকারি পরিচালক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট